



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

“বিজ্ঞপ্তি”

স্মারক সংখ্যা-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/২০/৩২৬ (৩৪০০)

তারিখ: ৩২/০৭/২০ ইং

কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ২০২০ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড নিম্নবর্ণিত ছকে ও তারিখে কেন্দ্র সচিবগণ অথবা তাঁর পক্ষে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে অত্র বোর্ডে হাজির হয়ে তাঁর কেন্দ্রভুক্ত প্রতিষ্ঠানসমূহের নিবন্ধন কার্ড সংগ্রহ করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর মধ্যে বিতরণ (০৩ তিন দিনের মধ্যে) করতে হবে।

অবশ্য পালনীয় নির্দেশনাসমূহ :

- ১। নিবন্ধন কার্ড প্রাপ্তির পর বিদ্যালয়ে রক্ষিত ছাত্র-ছাত্রীদের নিবন্ধনের হার্ড কপি (Print Copy) এর সাথে যাচাই করতে হবে।
- ২। বিদ্যালয় কর্তৃপক্ষ কোন অবস্থায় নিবন্ধন কার্ড সংশোধন করতে পারবেন না।
- ৩। নিবন্ধন কার্ডে ছবি, বিভাগ, বিষয় ও বিষয় কোডে ভুলক্রমে পরিষ্কৃত হলে শিক্ষার্থী প্রতি ৮০০/ (আটশত) টাকা ফিস প্রদান করে অবশ্যই পরীক্ষা শুরুর পূর্ব দিনের মধ্যে সংশোধন করে নিতে হবে।
- ৪। **বিশেষ করে পরীক্ষা শুরুর পর কোন প্রকারে ছবি পরিবর্তন করা যাবে না**।
- ৫। নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ জেএসসি এর ন্যায় সংশোধন করা যাবে সে ক্ষেত্রে ফিস প্রয়োজন হবে না।
- ৬। নির্ধারিত সময়ের মধ্যে ভুল সংশোধন না করলে তার সকল দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।
- ৭। নিবন্ধন কার্ড গ্রহণের পর তা ছাত্র-ছাত্রীদের উপস্থিতিতে বিতরণ করতে হবে এবং নিবন্ধন কার্ডে নির্ধারিত স্থানে ছাত্র-ছাত্রীদের স্বাক্ষর নিতে হবে। তবে ছাত্র/ছাত্রীগণ স্বাক্ষর করার পূর্বে নিবন্ধন কার্ডে উল্লিখিত সকল তথ্যের সঠিকতা যাচাইপূর্বক স্বাক্ষর করবে।
- ৮। প্রধান শিক্ষক/অধ্যক্ষ নিবন্ধন কার্ডে নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন। তবে তিনি নিবন্ধন কার্ডে উল্লিখিত সকল তথ্যের সঠিকতা, বিশেষ করে নামের বানান, জন্ম তারিখ, বিষয় ও বিষয় কোডের সঠিকতা যাচাই করে কোন প্রকার ভুল থাকলে তা রেজিষ্টারে লিপিবদ্ধ করে সে সম্পর্কে নিশ্চিত হয়েই স্বাক্ষর করবেন।
- ৯। নিবন্ধন কার্ড গ্রহণের পরপরই সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের মধ্যে বণ্টন করতে হবে। কোন অবস্থাতেই অফিসে ফাইল বন্দী করে রাখা যাবে না।
- ১০। নিবন্ধন সংক্রান্ত কাজের জন্য বোর্ডে যাতায়াত বাবদ কোন টিএ/ডিএ বোর্ড কর্তৃপক্ষ প্রদান করবে না।

নিবন্ধন কার্ড বিতরণের তারিখ

ক্রমিক নং	জেলার নাম	বিতরণের তারিখ
০১।	বাগেরহাট, সাতক্ষীরা	০৪-০৮-২০১৯
০২।	খুলনা	০৫-০৮-২০১৯
০৩।	চুয়াডাঙ্গা, মেহেরপুর	০৬-০৮-২০১৯
০৪।	কুষ্টিয়া	০৭-০৮-২০১৯
০৫।	ঝিনাইদহ	০৮-০৮-২০১৯
০৬।	নড়াইল, মাগুরা	১৮-০৮-২০১৯
০৭।	যশোর	১৯-০৮-২০১৯

বিঃ দ্রঃ নিবন্ধন পত্র গ্রহণের জন্য নিম্নে বর্ণিত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে

- ১০। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি অনুমোদনপত্রের সত্যায়িত ফটোকপি
- ১১। বিদ্যালয়ের স্বীকৃতি নবায়ন পত্রের সত্যায়িত ফটোকপি
- ১২। নিবন্ধনকৃত ছাত্র/ছাত্রীদের প্রিন্ট আউট কপি
- ১৩। সোনালী সেবার রশিদ (বোর্ডের অংশ)
- ১৪। বিষয় ও বিভাগের পাঠদানের অনুমোদনপত্রের সত্যায়িত ফটোকপি

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবগণ/প্রতিষ্ঠান প্রধানগণ।

স্মারক সংখ্যা-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/২০/৩২৬ (২-২৬৮)

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। জেলা প্রশাসক, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে পত্রটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৭। সংরক্ষণ নথি।

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

ফোন নং- ০৪২১-৬৮৬৩৪

তারিখ: ৩২/০৭/২০ ইং

(মোঃ শাহজাহান আলী)

উপ-বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

ফোন নং- ০৪২১-৬৮৬৯৮